



গণ বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

তারিখ: ২০ ডিসেম্বর ২০২২ ইং।
০৫ পৌষ ১৪২৯ বাং।


জুলাই ২০২২ সেশনের সেমিস্টার ফাইনাল পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফার্মেসী বিভাগের ৪৩তম ব্যাচের ১ম এবং ৪২তম ব্যাচের ২য় সেমিস্টারের ফাইনাল পরীক্ষা আগামী ১৫/০১/২০২৩ইং তারিখ রবিবার থেকে শুরু হবে। পরীক্ষার্থীদের এন্ট্রিফরম পূরণ ও প্রবেশপত্র সংগ্রহের সময়সূচী নিম্নে উল্লেখ করা হল :

ক্রমিক নং	কার্যক্রম	শেষ তারিখ
১.	হিসাব বিভাগের পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ ও বিভাগীয় অফিসে জমা দেয়া (বিভাগ কর্তৃক সত্যায়িত সাম্পতিক দুই কপি পাসপোর্ট সাইজ ছবি সহ)।	০৪/০১/২০২৩ ইং (বুধবার)
২.	বিভাগীয় প্রধানের অফিস থেকে স্বাস্থ্যবিজ্ঞান অনুষদের ডীন মহোদয়ের অফিসে যথাযথভাবে পূরণকৃত পরীক্ষার আবেদন ফরম জমা দেয়া।	০৯/০১/২০২৩ ইং (সোমবার)
৩.	পরীক্ষার আবেদন ফরম ডীন মহোদয়ের অফিস থেকে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে পৌঁছানো।	১০/০১/২০২৩ইং (মঙ্গলবার)
৪.	পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ	১২/০১/২০২৩ইং

বিঃ দ্রঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক অফিস হতে পরীক্ষার আবেদন ফরম আগামী ২৬/১২/২০২২ ইং তারিখ থেকে সংগ্রহ করা যাবে। প্রত্যেক শিক্ষার্থীকে নিজের আবেদন ফরম নিজে সংগ্রহ করতে হবে। কোন ক্রমেই একজনের আবেদন ফরম অন্যকে প্রদান করা হবে না।
২. পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে পরীক্ষার আবেদন ফরম সংগ্রহের শেষ তারিখ ০৪/০১/২০২৩ইং। তবে, বিশেষ কারণে ০৮/০১/২০২৩ইং পর্যন্ত দৈনিক ১০০/-টাকা হারে বিলম্ব ফি দিয়ে ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।
৩. প্রবেশপত্র না থাকলে কোন ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
৪. পরীক্ষার দিন কোন অবস্থাতেই প্রবেশপত্র দেয়া হবে না।
৫. পরীক্ষার হলে প্রবেশপত্র ও পরিচয়পত্র সঙ্গে না থাকলে কোনক্রমেই পরীক্ষায় বসতে দেয়া হবে না।
৬. পরীক্ষার হলে মোবাইল ফোন সঙ্গে রাখা শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ আবু হারিজ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপিঃ

১. উপাচার্য (ভারপ্রাপ্ত), গণ বিশ্ববিদ্যালয়।
২. কোষাধ্যক্ষ, গণ বিশ্ববিদ্যালয়।
৩. ডীন, স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ, গণ বিশ্ববিদ্যালয়।
৪. রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।
৫. বিভাগীয় প্রধান, ফার্মেসী বিভাগ, গণ বিশ্ববিদ্যালয়।
৬. পরিচালক (অর্থ ও হিসাব), গণ বিশ্ববিদ্যালয়।
৭. সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।
৮. সহকারী প্রকৌশলী (আইটি), গণ বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করবেন)
৯. সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা, গণ বিশ্ববিদ্যালয়।
১০. সকল নোটিশ বোর্ড।
১১. অফিস ফাইল।